Dhaka Friday November 18, 2016

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর
Bangladesh Rice Research Institute, Gazipur
Phone : 9264118, 9264127, 9264165 Fax: 8802 -9261110 E-mail: brrihq@yahoo.com; dg@brri.gov.bd
Website: www.brri.gov.bd

নং-এ-৮৫২(২)/১৬/৪২৫৯ তারিখঃ ১৭/১১/১৫

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৮(২০১৬-২০১৭)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতনস্কেল/১৫	পদের সংখ্যা	১৫/১২/১৬ তারিখে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ যোগ্যতা	যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	সিনিয়র সাইন্টিফিক অফিসার (এসএসও) (শস্যমান ও পুষ্টি) টাঃ ৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	১(এক)টি	৩৪বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফুড ইঞ্জিনিয়ারিং/ বায়োকেমিস্ট্রি/নিউট্রিশন বিষয়ে ডক্টরেট ডিগ্রী এবং গবেষণা জার্নালে অন্যূন ৩ (তিন) টি পূর্ণ গবেষণা প্রকাশনাসহ অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা কোন স্বীকৃত **বিশ্ববিদ্যালয় হইতে ফুড ইঞ্জিনিয়ারিং/ বায়োকেমিস্ট্রি/নিউট্রিশন** বিষয়ে এমএস ডিগ্রী এবং গবেষণা জার্নালে অন্যূন ৩ (তিন) টি পূর্ণ গবেষণা প্রকাশনাসহ অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	সকল জেলা
২	মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার (অস্থায়ী সংরক্ষিত) টাঃ ৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	১(এক)টি	৩৭বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল বা সিভিল ইঞ্জিয়িারিং বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের CGPA প্রাপ্ত হইতে হইবে।	
৩	সাইন্টিফিক অফিসার (এসও) (আরএফএস-৩, কীটতত্ত্ব-১, খামার ব্যবস্থাপনা-১) টাঃ ২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	৫(পাঁচ)টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।	
৪	ডাটা এনালিস্ট টাঃ ১৬০০০-৩৮৬৮০/- গ্রেড-১০	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান/ভূগোল/গণিত বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ ডাটা প্রসেসিং ও কম্পিউটার পরিচালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
৫	ইলেকট্রনিক মেকানিক টাঃ ১৬০০০-৩৮৬৮০/- গ্রেড-১০	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
৬	সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার টাঃ ১৬০০০-৩৮৬৮০/- গ্রেড-১০	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
৭	এসএ (ফিল্ডম্যান) টাঃ ১২৫০০-৩০২৩০/- গ্রেড- ১১	২(দুই)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩(তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা।	ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, মেহেরপুর, ভোলা,
৮	স্টেনো টাইপিষ্ট (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) টাঃ ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	৩(তিন)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দের গতিসহ কম্পিউটার চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
৯	ট্রাক্টর ড্রাইভার টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১০	ড্রাইভার টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৩(তিন) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা। তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১১	টিলার ড্রাইভার টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৩(তিন) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১২	পাম্প অপারেটর টাঃ ৮৮০০-২১৩১০/- গ্রেড- ১৮	২(দুই) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক ট্রেডকোর্স পাসসহ পাম্প চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১৩	এসিসটেন্ট ইলেকট্রিশিয়ান টাঃ ৮৮০০-২১৩১০/- গ্রেড- ১৮	২(দুই)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেডকোর্স পাসসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১৪	প্লাম্বার টাঃ ৮৮০০-২১৩১০/- গ্রেড- ১৮	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্লাম্বিং এ ট্রেডকোর্স পাসসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১৫	দপ্তরী টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	১(এক) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ বাইসাইকেল চালনায় পারদর্শী হইতে হইবে।	
১৬	ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	৩(তিন) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পরীক্ষাগারে যন্ত্রপাতি পরিস্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১৭	ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	২(দুই) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।	
১৮	সার্ভিসম্যান টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	১(এক) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।	
১৯	সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	১(এক) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।	
২০	সুইপার (পরিচ্ছন্নতাকর্মী) টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	২(দুই) টি	৩০বৎসর	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবেঃ তবে শর্ত থাকে যে, পেশাদার সুইপার শ্রেণির প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।	

আবেদনের শর্তাবলীঃ

১। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর ১৭০১ এর বরাবরে আগামী ১৫-১২-২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ারে অবশ্যই পৌঁছাতে হইবে। সরাসরি বা হাতে হাতে অথবা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরমটি ব্রি ওয়েবসাইটে www.brri.gov.bd এ প্রথম পাতায় পাওয়া যাইবে।

৩। ক্রমিক নং-১ এ বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে National Agricultural Research System (NARS) নীতিমালা তথা Bangladesh Agricultural Research Council (BARC) কর্তৃক সর্বশেষ প্রদত্ত মানদণ্ড অনুযায়ী প্রার্থীদের যোগ্যতা মূল্যায়ন করা হইবে। উক্ত মানদণ্ডে প্রণীত ফরমটি ব্রি ওয়েবসাইটে www.brri.gov.bd এ প্রথম পাতায় পাওয়া যাইবে। ফরমটি যথাযথভাবে পূরণ করিয়া আবেদনপত্রের সাথে জমা দিতে হইবে।

৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং উপরে উল্লিখিত জেলার স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

৫। আবেদনপত্রের সাথে স্পষ্ট/পঠনযোগ্য নামযুক্ত সীলমোহর সম্বলিত প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করিয়া নিম্নবর্ণিত কাগজপত্রাদি প্রেরণ করিতে হইবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মুল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি (প্রশংসাপত্র/মার্কসীট গ্রহণযোগ্য নয়);
(খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি;
(গ) ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঙ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম সনদের সত্যায়িত ফটোকপি;
(চ) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
(ছ) (১) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-১/২০০২/০২নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হইতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হইবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সংবলিত এসএসসি বা সমমানের সনদ/এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেট/জন্মতারিখ সংবলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি সনদের সঙ্গে দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখিতে হইবে;
(২) উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং তাঁদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হইবেন;
(জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে সেই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি;
(ঝ) মহিলা, এতিম, প্রতিবন্ধী ও উপজাতি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৬। আবেদনপত্রের খামের উপরের ডান পার্শ্বে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ী বা অস্থায়ী পদ এবং নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।

৭। ক্রমিক নং ১-৬ বর্ণিত পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা এবং ক্রমিক নং ৭-২০ এ বর্ণিত পদের জন্য ১০০/-(একশত) টাকার অফেরৎযোগ্য পোষ্টাল অর্ডার মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর এর অনুকূলে সংযুক্ত করিতে হইবে।

৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৯। প্রার্থীর বয়স ১৫ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩২বছর; তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩০ বছর) হইতে হইবে। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

১০। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে এবং অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও নিয়োগ বিজ্ঞপ্তিতে ঘোষিত শেষ তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হইবে।

১৩। প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং লিখিত/মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হইবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হইবে এবং কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করিবার অধিকার সংরক্ষণ করিবেন।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৭/১১/১৬
(এমরান হোসেন)
উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)
মহাপরিচালকের পক্ষে

DG-3037 (22.5x4)

The Daily Observer (Page-11) Date: 18/11/2016